# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

**সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট**

এসএফডি সার্কুলার লেটার নং-০২

তারিখ: ২৫ আগস্ট ২০২৪ / ১০ ভাদ্র ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি

প্রিয় মহোদয়,

**কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (CSR) কার্যক্রমের আওতায় সারাদেশে বন্যাদূর্গত এলাকায় প্রয়োজনীয় আর্থিক ও ত্রাণ সহায়তা প্রদান প্রসংগে**

এসএফডি সার্কুলার নং-০১, তারিখ: ০৯ জানুয়ারি ২০২২ এর মাধ্যমে জারিকৃত CSR গাইডলাইন্সের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সম্প্রতি ফেনী, নোয়াখালী, চট্টগ্রাম ও কুমিল্লাসহ বাংলাদেশের বিভিন্ন জেলায় বন্যা পরিস্থিতির কারণে বিভিন্ন অঞ্চল ও রাস্তাঘাট প্লাবিত হওয়াসহ ঘরবাড়ি, ফসল ও গবাদি পশুর ব্যাপক ক্ষতি সাধিত হয়েছে। অন্যদিকে, অতিবৃষ্টির ফলে খাগড়াছড়ি জেলাতেও বন্যা পরিস্থিতির মারাত্মক অবনতি ঘটেছে। আকস্মিক ফ্ল্যাশ ফ্লাড, অতিবৃষ্টি ও জলাবদ্ধতার কারণে উক্ত অঞ্চলসমূহের মানুষ আশ্রয়হীন হয়ে মানবেতর জীবনযাপন করছে।

০৩। এ অবস্থায়, আলোচ্য সার্কুলারে বর্ণিত নির্দেশনার আলোকে কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (CSR) কার্যক্রমের আওতায় সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ অঞ্চলের অসহায় জনগোষ্ঠীর সাহায্যার্থে অবিলম্বে প্রয়োজনীয় আর্থিক সহায়তা ও ত্রাণ সামগ্রী (খাদ্য, বস্ত্র, বিশুদ্ধ পানি, জরুরী ঔষধ, শিশুযত্ন ও খাদ্য সামগ্রী, পশুখাদ্য, নৌকা, First Aid Kits, Portable Cook Stove, Portable Solar Lanterns, Portable Pico Home Systems, Portable Charger, Life Jacket, Mosquito Nets ইত্যাদি) সংগ্রহের প্রয়োজন হবে বিধায় তা 'প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিল' এ প্রদান করা যেতে পারে।

০৪। উল্লেখ্য, এ সংক্রান্ত ব্যয় এসএফডি সার্কুলার নং-০৫, তারিখ: ২৩ নভেম্বর ২০২৩ এর মাধ্যমে জারিকৃত Reporting Format এর অন্যান্য খাতের আওতায় 'Disaster Management' উপখাতে প্রদর্শন করার জন্যও আপনাদেরকে পরামর্শ দেয়া হলো।

*এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।*

আপনাদের বিশ্বস্ত

(চৌধুরী লিয়াকত আলী)
পরিচালক (এসএফডি)
ফোন: ৯৫৩০৩২০
E-mail: gm.sfd@bb.org.bd